

## শেখ হাসিনার মুক্তির দাবীতে প্রবাসীরা সোচ্চার

মোহাম্মদ আলী বোখারী, টরন্টো থেকে ৪ সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার মুক্তির দাবীতে প্রবাসী বাংলাদেশীরা এখন ক্রমান্বয়ে সোচ্চার হচ্ছেন। ইতিমধ্যে অস্ট্রেলিয়ার সিডনী সহ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডার বিভিন্ন প্রান্তে তারা ব্যাপক উদ্যোগ গ্রহন করেছেন।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক অলাভজনক স্বেচ্ছাসেবী ও মানবিক সাহায্যমূলক সংগঠন - ভলান্টিয়ার্স অব আমেরিকান কমিউনিটি (বাংলাদেশী) কানাডার প্রধানমন্ত্রী ষ্টিফেন হার্পারের হস্তক্ষেপ চেয়েছে। বার্তা সংস্থা এনা-র বরাতে জানা গেছে, তারা সাবেক দুই প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও শেখ হাসিনার অবাধ চলাফেরা এবং অবিলম্বে দেশে রাজনৈতিক কর্মকাণ্ড নিশ্চিত করার অনুরোধ জানিয়ে গত সোমবার কানাডার প্রধানমন্ত্রী সহ পররাষ্ট্র কমিটির চেয়ারম্যান ও হাউজ অব কমন্সের স্পিকারের সাথে পৃথক পৃথক ভাবে সাক্ষাত করেছে। এছাড়াও তারা কানাডার বেশ কয়েকটি মানবাধিকার সংগঠন ও দাতা সংস্থার নেতৃবৃন্দের সাথেও বৈঠকে উদ্যোগী হয়েছে।

অপরদিকে, সভানেত্রী শেখ হাসিনার গ্রেফতারের ঘটনায় কানাডা শাখা আওয়ামী লীগ, যুব লীগ ও বঙ্গবন্ধু ফাউন্ডেশন গত ১৬ জুলাই টরন্টোয় এক যৌথ সভার আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন ফারুক হেসেন খান এবং বক্তব্য রাখেন আজিজুর রহমান খ্রিস্ট, সাবেক ডাকসু নেতা নাসির-উদ-দোজা, আবদুল কাদের মিলু, মাহবুব রেজা, হাসিনা আক্তার জানু, ফকরুল চৌধুরী, জামাল উদ্দিন, মোস্তফা কামাল, জহিরুল আলম, আবদুস সালাম, প্রণবেশ পোদ্দার, সুব্রত নন্দী, আবু হেনা কোরাইশী, মাশুক চৌধুরী, বেলাল সামচুল, মোহাম্মদ হাসান প্রমুখ। নেতৃবৃন্দ শেখ হাসিনার নিঃশর্ত মুক্তির দাবী জানিয়ে বলেন, প্রহসনমূলক রাজনৈতিক সংস্কারের নামে সুপারিকল্পিত পন্থায় নেত্রীকে মিথ্যে মামলার অপবাদে গ্রেফতার করা হয়েছে। সভায় সে জন্য ঐ নেতৃবৃন্দ আজিজুর রহমান খ্রিস্টকে চেয়ারম্যান ও আবদুল কাদের মিলুকে কো-চেয়ারম্যান করে এগার সদস্য বিশিষ্ট একটি লিয়াজো কমিটি গঠন করেছে। এই লিয়াজো কমিটি জোর লবিংয়ের নিমিত্তে আগামী সোমবার থেকে কানাডার প্রধানমন্ত্রী, হাউজ স্পিকার, তিন প্রধান বিরোধী নেতা ও সকল কেন্দ্রীয় সাংসদ বরাবরে সামগ্রিক পরিস্থিতি বর্ণনা করে চিঠি দেবে এবং নেত্রীর মুক্তি সহ রাজনৈতিক ও গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার দাবী জানাবে। উপরন্তু, কানাডিয়ান কমিটি ফর হিউমান রাইটস এন্ড ডেমোক্রেসী ইন্ বাংলাদেশ (সিসিএইচআরডিবি) দেশের চলমান পরিস্থিতিতে গভীর মনোযোগ রেখেছে এবং শীঘ্রই কর্মপন্থা নিরূপণে সচেষ্ট হচ্ছে বলে সংগঠনটির সভাপতি উক্তর মোজাম্মেল হক খান জানিয়েছেন।

এদিকে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার গ্রেফতারের ঘটনাকে উত্তর আমেরিকা ভিত্তিক ওয়েব ব্লগ "জাগরুক বাঙালী" বিশ্লেষণ করেছে ভিন্ন গুরুত্বে। নেত্রীর মুক্তি দাবী সহ জরুরী আইন প্রত্যাহার, সাংবিধানিকভাবে সামরিক বাহিনীর উচ্চাভিলাষী ক্ষমতা খর্বকরণ, গণতন্ত্র প্রতিষ্ঠার নামে রাজনৈতিক দলের বিরুদ্ধে চক্রান্ত ও নেতা হযরানির জন্য সামরিক উচ্চ পদস্থদের বিচার করা এবং জরুরী আইন ও বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের অধীনে কোন নির্বাচন হতে না দেয়ার স্বপক্ষে অবস্থান নিয়েছে। এছাড়া দেশের বর্তমান পরিস্থিতিতে তারা আহবান জানিয়েছে যাতে প্রবাসীরা এখনই দেশে রেমিটেন্স বন্ধ করে দেন এবং জাতিসংঘের মহাসচিব যেন বিভিন্ন দেশে শান্তি রক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীকে বরখাস্ত করেন, কেননা তারা জাতীয় রাজনীতিতে হস্তক্ষেপ করেছে।